# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬৭/২০১৬/ ৩৫৭১৫৪ | তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩ / ০৭ অক্টোবর ২০২৬

## অফিস আদেশ

চরকগাছিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: চরকগাছিয়া, উপজেলা: বরগুনা, জেলা: বরগুনা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৮-০২-২০২২ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০১৯ থেকে ২৬-০৪-২০২৩ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৪১০৯, তারিখ: ৩০.০৫.২০১৭ খ্রি. জারিকৃত অফিস আদেশের ক্রমিক নং- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১১ এবং ১৩-এর শর্ত বাস্তবায়ন করতে হবে;
২. শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলো ও অন্তত ২টি সিলিং ফ্যানের ব্যবস্থা করতে হবে এবং চালু হওয়া আরবি ও ইংরেজি ল্যাংগুয়েজ ক্লাবে সপ্তাহে কমপক্ষে ০২ (দুই) দিন ভাষা চর্চা করতে হবে;
৩. মাদরাসার অখন্ড জমি সংক্রান্ত মামলা নিষ্পত্তি করত: অখন্ড জমির সনদ ও আলিম স্বীকৃতির কপি দ্রুততম সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের মাদরাসা পরিদর্শন দপ্তরে প্রেরণ করতে হবে;
৪. নিয়মিত অভিভাবক সমাবেশের আয়োজন করার পাশাপাশি মাদরাসায় গঠিত অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে পুনর্মিলনী অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. মাদরাসা প্রাঙ্গণে বাগান তৈরি এবং বৃক্ষরোপন কর্মসূচি অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তির ব্যবস্থা করতে হবে এবং প্রতিটি ক্লাসরুমে দরজা স্থাপন করতে হবে;
৭. নিয়মিত দেয়ালিকা প্রকাশ করতে হবে এবং প্রস্তুতকৃত সূচি অনুসরণ করত: যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে অভ্যন্তরীণ শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৮. গভর্নিং বডি কর্তৃক বাজেট অনুমোদন, সরকারি বিধি মেনে ফাইলনোটে আয়-ব্যয় প্রদর্শনপূর্বক মাদরাসার ব্যয় পরিচালনা এবং চেক রেজিস্টার ও চেকের মুড়িতে উত্তোলিত অর্থের হিসাব সংরক্ষণ করতে হবে;
৯. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভির ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
১০. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১১. মাদরাসার সাইনবোর্ড, প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

০৭/১০/২৬

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, চরকগাছিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: চরকগাছিয়া, উপজেলা: বরগুনা, জেলা: বরগুনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬৭/২০১৬/৩৫৭১২৪(০৭) | তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩ / ০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, চরকগাছিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: চরকগাছিয়া, উপজেলা: বরগুনা, জেলা: বরগুনা।
৭. অফিস নথি।

07.10.2026

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫